

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা

নম্বর- ৪৭.৬৩.০০০০.০৪১.১১.৪২৭.১৯/১৪৮৯

তারিখঃ ১৪/০৪/১৪৩৩ বঙ্গাব্দ
২৯/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

নিয়োগপত্র

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিশ্রুতিতে বার্ড-এর রাজস্ব খাতভুক্ত 'অফিস সহকারী' পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর টাকা: ৯,৩০০-২২,৪৯০ (গ্রেড-১৬) বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদ্বয়কে বর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক	মেধাক্রম	রোল নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১	১	১৭০০০৬৬৭	মিজ নাসরিন আক্তার পিতা: আব্দুর রহমান মাতা: বারনা পারভীন	প্রযত্নে: আব্দুর রহমান গ্রাম: ৫১৪/১ মধ্যপাড়া নবীনগর পো: নবীনগর, পোস্ট কোড: ৩৪১০ থানা/উপজেলা: নবীনগর জেলা: ব্রাহ্মণবাড়িয়া	প্রযত্নে: মোঃ উজ্জল গ্রামঃ কোটবাড়ী, পো: কোটবাড়ী, পোস্ট কোড: ৩৫০৩ থানা/উপজেলা: কুমিল্লা সদর দক্ষিণ জেলা: কুমিল্লা
২	২	১৭০০০৩১৬	মিজ মমতাজ জাহান পিতা: মোঃ দেলোয়ার হোসেন মাতা: শিরিন সুলতানা	প্রযত্নে: মোঃ দেলোয়ার হোসেন গ্রাম: সোনাইমুড়ি পো: সোনাইমুড়ি বাজার, পোস্ট কোড: ৩৫৬১ থানা/উপজেলা: বরুড়া জেলা: কুমিল্লা	প্রযত্নে: মোঃ দেলোয়ার হোসেন গ্রাম: সোনাইমুড়ি পো: সোনাইমুড়ি বাজার, পোস্ট কোড: ৩৫৬১ থানা/উপজেলা: বরুড়া জেলা: কুমিল্লা

২। শর্তাবলি:

- (ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (খ) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), লিখিত পরীক্ষার প্রবেশপত্র, আবেদনপত্র (Applicant's Copy) এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাজনার সনদ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদ, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ সনদপত্রের সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে;
- (গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর প্রদত্ত কাগজপত্রে কোন তথ্য ভবিষ্যতে অসত্য প্রমাণিত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকরির অবসান ঘটাতে পারবে। একই সাথে একাডেমি হতে গৃহীত সকল আর্থিক সুবিধাদি ফেরত প্রদান করতে হবে এবং প্রচলিত বিধি মোতাবেক তীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সরকার অনুমোদিত কোন মেডিকেল/ডায়াগনস্টিক সেন্টার থেকে ডোপটেস্ট এবং অন্যান্য স্বাস্থ্য পরীক্ষার রিপোর্টসহ মেডিকেল অফিসার, বার্ড মেডিকেল সেন্টার, কোটবাড়ী, কুমিল্লা থেকে স্বাস্থ্য পরীক্ষার সনদ সংগ্রহপূর্বক যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
- (ঙ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্প এই মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";
- (চ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত ব্যক্তির সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণয়নকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- (ছ) চাকরিতে প্রার্থীর ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে;
- (জ) বার্ড কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯ এর ৬নং প্রবিধি অনুসারে তাকে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ থাকতে হবে। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব আরো ০৬ (ছয়) মাস বৃদ্ধি করতে পারবে;
- (ঝ) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সমাপ্ত করাসহ একাডেমি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ ও প্রদেয় প্রশিক্ষণ সফলভাবে গ্রহণ এবং প্রয়োজনীয় পুলিশী ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন বিবেচনা করে তাকে উক্ত পদে স্থায়ীকরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তীর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবে;
- (ঞ) চাকরিতে তীর জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট পদে নিয়োগের জন্য প্রণীত মেধাক্রম এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী নির্ধারিত হবে;

অঃ পঃ দঃ

- (ট) শিক্ষানবিশকালে চাকরি থেকে অব্যাহতি বা ইস্তফা নিতে হলে যে তারিখ থেকে অব্যাহতি বা ইস্তফা নিবেন সে তারিখের কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট লিখিত আবেদন করতে হবে। অন্যথায় ০১ (এক) মাসের মূলবেতনের সমপরিমাণ অর্থ সরকারী কোষাগারে জমা দিতে হবে;
- (ঠ) বোর্ড-এ কর্মরত কর্মচারীগণের ক্ষেত্রে সরকারের প্রচলিত নিয়মাবলী/প্রতিষ্ঠানের বিধিমালা অনুযায়ী তাঁর অর্জিত ছুটি, বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাদি কার্যকর বা সমন্বয় করা হবে।
- (ড) তাঁর এ চাকরি 'বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমীর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৯' এবং সময়ে সময়ে জারিকৃত সরকারের সকল নিয়ম-কানুন অনুযায়ী পরিচালিত হবে;
- (ঢ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ যে কোনো 'বিষয়' প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত এবং সময় সময় জারিকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (ণ) ভবিষ্যতে পদবী পরিবর্তন/পদস্থাপন এর জন্য কর্তৃপক্ষের নিকট কোনরূপ আবেদন করা যাবে না।
- (ত) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৩। উল্লিখিত শর্তাবলি পরিপালনপূর্বক চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৬/০৮/২০২৬ তারিখ পূর্বাংগে পরিচালক (প্রশাসন), বোর্ড বরাবর স্ব-শরীরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদানে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(আইরীন পারভিন)
পরিচালক (প্রশাসন)

নম্বর- ৪৭.৬৩.০০০০.০৪১.১১.৪২৭.১৯/১৪৮৯(১১)

তারিখঃ ১৪/০৪/১৪৩৩ বঙ্গাব্দ
২৯/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বোর্ড।
- ২। যুগ্মপরিচালক (প্রশাসন), বোর্ড।
- ৩। সহকারী প্রকৌশলী, বোর্ড।
- ৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, বোর্ড।
- ৫। মেডিকেল অফিসার, বোর্ড।
- ৬। এস্টেট-কাম-স্টোর অফিসার, বোর্ড।
- ৭। প্রশাসনিক কর্মকর্তা, বোর্ড।
- ৮। শাখা প্রধান (সকল), বোর্ড।
- ৯। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১০। জনাব/মিজ -----
- ১১। অফিস কপি/মাস্টার কপি।

(আইরীন পারভিন)
পরিচালক (প্রশাসন)